25 SEP 1990
পৃষ্ঠা ৬ কলাম ৫

দৈনিক খবর

১৫

## অনার্স কোর্স খোলার দাবী ঃ

# মাগুরার ছাত্র-ছাত্রীরা উচ্চ শিক্ষা বঞ্চিত

মাগুরা, ২৩শে সেপ্টেম্বর (সংবাদদাতা)।- মাগুরা জেলার উল্লেখযোগ্য সংখ্যক ছাত্র-ছাত্রী বর্তমানে বিভিন্ন কারণে উচ্চ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে বলে জানা গেছে।

বিশিষ্ট সাহিত্যিক, প্রাবন্ধিক ডঃ লুৎফর রহমানের আদর্শে লালিত মাগুরার সাড়ে ছ'লাখ জনসাধারণের দীর্ঘদিনের স্বপ্ন এখানকার একমাত্র ঐতিহ্যবাহী সরকারী হোসেন শহীদ সোহরাওয়ার্দী মহাবিদ্যালয়ে অনার্স কোর্স খোলা হবে। এই স্বপ্ন স্বপ্নই রয়ে গেছে- বাস্তবায়িত হয়নি আজও।

অনেক সময় কলেজে অনার্স কোর্স খোলার বিশেষ সম্ভাবনা দেখা দিলেও একশ্রেণীর শিক্ষকদের অসহযোগিতায় তা অঙ্কুরেই বিনষ্ট হয়ে গেছে বলে অভিযোগ পাওয়া গেছে। ফলে মাগুরা, ঝিনেদা, নড়াইল, বোয়ালমারী, কামারখালী, শৈলকূপা, শ্রীপুরসহ বিভিন্ন এলাকার অসংখ্য ছাত্র-ছাত্রী উচ্চ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে আসন সংখ্যা সীমিত। ফলে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্যে ছাত্র-ছাত্রীদের সবসময় কঠিন প্রতিযোগিতার সম্মুখীন হতে হয়। এতে করে সামান্য কিছুসংখ্যক ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার সুযোগ পেলেও উল্লেখযোগ্য সংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি হতে না পেরে হতাশায় দিন কাটায়। মাগুরা সরকারী কলেজে অনার্স কোর্স চালু থাকলে এ অঞ্চলের ছেলে-মেয়েদের উচ্চ শিক্ষা গ্রহণের আকাংখা কিছুটা হলেও পূরণ হতো বলে অভিজ্ঞ মহলের ধারণা।

সরকারী কলেজে অনার্স কোর্স চালু না হওয়ায় স্থানীয় নেতৃবৃন্দও উদ্বিগ্ন। এ ব্যাপারে বিশিষ্ট সাংবাদিক, রাজনীতিবিদ ও আইনজীবী হাসান সিরাজ সুজা বলেন, '১৯৮৬ সালে প্রেসিডেন্ট মাগুরা সরকারী কলেজ পরিদর্শনে এলে স্থানীয় গণ-দাবীর প্রেক্ষিতে মাগুরা কলেজে অনার্স কোর্স খোলার মৌখিক আশ্বাস দেন এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ কলেজ

৫-এর পাতায় দেখুন

## অনার্স কোর্স খোলার

৬-এর পাতার পর

কর্তৃপক্ষকে ঢাকায় যোগাযোগ করতে বলেন। কিন্তু অজ্ঞাত কারণে কর্তৃপক্ষ এ ব্যাপারে মোটেই আগ্রহ প্রকাশ করছেন না। বিশিষ্ট ছাত্রনেতা তারিকুল ইসলাম শিপু বলেন, 'মাগুরা সরকারী কলেজে অনার্স কোর্স চালু না হওয়ায় উদ্বেগ প্রকাশ করে বলেন- মাগুরা কলেজে অনার্স কোর্স চালু না থাকায় হাজার হাজার ছাত্র-ছাত্রী উচ্চ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।'

এই সমস্যার পাশাপাশি মাগুরা জেলার একমাত্র মহিলা কলেজটিতে বহু সমস্যা রয়েছে। কলেজটিতে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক তো নেই-ই উপরন্তু রয়েছে আসবাবপত্রের স্বল্পতা ও মেয়েদের কমনরুমের অব্যবস্থা। মাগুরাবাসী অবিলম্বে একমাত্র মহিলা কলেজটিকে সরকারী করে এর আসবাবপত্রের স্বল্পতা ও শিক্ষক সংকটসহ অন্যান্য দুরবস্থা দূর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছেন।

তারা সরকারী হোসেন শহীদ সোহরাওয়ার্দী মহাবিদ্যালয়ে অবিলম্বে অনার্স কোর্স চালুর সাথে অন্যান্য অসুবিধা দূর করার জন্য দাবী জানিয়েছেন।